# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭৭

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মিসওয়াক করা প্রসঙ্গে

بَابُ الْمِسْوَاكِ

আরবী

وَعَن شُرَيْح بن هَانِئ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ: بِأَيِّ شَيْءٍ كَانَ يَبْدَأُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دخل بَيته؟ قَالَت: بِالسِّوَاكِ. رَوَاهُ مُسلم

বাংলা

৩৭৭-[২] শুরায়হ ইবনু হানী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমি উম্মুল মু’মিনীন ’আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, বলুন তো রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘরে প্রবেশ করে প্রথমে কোন্ কাজটি করতেন? তিনি বললেন, মিসওয়াক। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের শিক্ষাসমূহ বা হাদীস থেকে যে সব মাস্‌আলাহ্ সাব্যস্ত হয়-

১। যে কোন সময় মিসওয়াক করা ভালো।

২। মিসওয়াকের প্রতি অধিক গুরুত্ব প্রদান করতে হবে।

৩। বাড়িতে প্রবেশ করাটা যেমন কোন সময়ের সাথে নির্দিষ্ট না, অনুরূপ উযূ (ওযু/ওজু/অজু) সালাতের সময়ের সাথে সুনির্দিষ্ট না হওয়ায় মিসওয়াক বার বার করা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54936

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন